



ট্রেনিং ইনস্টিটিউট  
পরমাণু শক্তি গবেষণা প্রতিষ্ঠান  
বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন  
গণকবাড়ী, সাভার, ঢাকা- ১৩৪৯।

ফোনঃ ৮৮-০২-৭৭৯০৭৯৪, ই-মেইলঃ ti\_baec@yahoo.com

নং : ৩৯.০১.০০০০.২১৭.২৫.৪৬.২০১৫ - ৬৭

তারিখঃ ২৩-০৭-২০১৮ খ্রি.

### বিজ্ঞপ্তি

বিষয় : “Training Course on Radiation Protection for Radiation Workers and RCO’s of BAEC, Medical Facilities & Industries ” -এর জন্য প্রশিক্ষণার্থী মনোনয়ন আহ্বান প্রসঙ্গে।

সংশ্লিষ্ট সকলের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের সাভারস্থ পরমাণু শক্তি গবেষণা প্রতিষ্ঠান (এইআরই) -এ অবস্থিত ট্রেনিং ইনস্টিটিউটে আগামী ০৫ আগস্ট, ২০১৮ খ্রি. তারিখ হতে Training Course on Radiation Protection for Radiation Workers and RCOs (Radiation Control Officer) of BAEC, Medical Facilities & Industries শিরোনামে এক সপ্তাহব্যাপী (০৫-০৯ আগস্ট, ২০১৮ খ্রি.) একটি প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হতে যাচ্ছে।

উল্লিখিত কোর্সে বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের বিভিন্ন ইনস্টিটিউট/ইউনিট/কেন্দ্র/বিভাগ-এ কর্মরত Radiation Workers ও RCOs-গণের কাছ থেকে মনোনয়ন আহ্বান করা যাচ্ছে। নিম্নের ছক মোতাবেক প্রশিক্ষণার্থীর সদ্য তোলা একখানা পাসপোর্ট সাইজের ছবিসহ প্রয়োজনীয় তথ্য সম্বলিত সংক্ষিপ্ত বায়োডাটা যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ২৯ জুলাই, ২০১৮ খ্রি. তারিখের মধ্যে ট্রেনিং ইনস্টিটিউট, পরমাণু শক্তি গবেষণা প্রতিষ্ঠান, গণকবাড়ী, সাভার, ঢাকা-১৩৪৯ বরাবর হার্ডকপি এবং সফটকপি (ই-মেইলঃ ti\_baec@yahoo.com) প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সকল পরিচালক/ভারপ্রাপ্ত পরিচালক/বিভাগীয় প্রধানগণকে অনুরোধ করা হলো।

ছক (মনোনীত প্রশিক্ষণার্থীর তথ্য)


ক্রঃনং	মনোনীত প্রশিক্ষণার্থীর নাম	ইংরেজী :	
		বাংলা :	
১।	পদবী		
২।	চাকুরীতে যোগদানের তারিখ		
৩।	কর্মস্থলের পূর্ণাঙ্গ ঠিকানা		
৪।	ফোন	অফিসঃ	মোবাইলঃ
৫।	ফ্যাক্স/ই-মেইল	ফ্যাক্সঃ	ই-মেইলঃ
৬।	বেতনক্রম		
৭।	শিক্ষাগত যোগ্যতা		
৮।	পূর্ব প্রশিক্ষণের বিবরণ		

অত্র কোর্সে মনোনীত প্রশিক্ষণার্থীদের নিম্নলিখিত নিয়মাবলী অনুসরণ করতে হবেঃ

- ১। বর্ণিত কোর্সে অংশগ্রহণের জন্য কোন প্রকার কোর্স ফি প্রদান করতে হবে না।
- ২। RCO ব্যতীত অন্যান্য প্রশিক্ষণার্থীকে ন্যূনতম এসও/সমপর্যায় কর্মকর্তা (ন্যূনতম ৯ম গ্রেড) হতে হবে।
- ৩। ট্রেনিং ইনস্টিটিউটে আগত প্রশিক্ষণার্থীকে কোন ধরনের টিএ/ডিএ/সম্মানী দেয়া হবে না। প্রশিক্ষণার্থীগণ স্ব-স্ব কেন্দ্র প্রতিষ্ঠান হতে প্রচলিত বিধি মোতাবেক টিএ/ডিএ/সম্মানী ইত্যাদি ভাড়া গ্রহণ করতে পারবেন।

- ৪। প্রশিক্ষণ চলাকালীন সকল প্রশিক্ষণার্থী ট্রেনিং ইনস্টিটিউট এর ডরমিটরিতে থাকা আবশ্যিক। তবে প্রশিক্ষণার্থীদের নিজ খাওয়ার ব্যবস্থা করতে হবে।
- ৫। সরকারি ছুটির দিন ব্যতিত প্রতিদিন সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ৪.১৫ ঘটিকা পর্যন্ত প্রশিক্ষণ কার্যক্রম চলবে।
- ৬। প্রশিক্ষণার্থীকে নিজ নিজ কেন্দ্র/প্রতিষ্ঠান হতে ছাড়পত্র আনতে হবে এবং ছাড়পত্র জমা দিয়ে কোর্স শুরু আগের দিন বা কোর্স শুরুর দিন রেজিস্ট্রেশন করতে হবে।
- ৭। প্রশিক্ষণের উপযোগিতা নিরীখে ট্রেনিং ইনস্টিটিউট প্রশিক্ষণার্থীর চূড়ান্ত তালিকা প্রণয়ন করবে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই বিজ্ঞপ্তি জারি করা হলো।

  
(ড. মোঃ নূরুল ইসলাম)  
প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও পরিচালক

বিতরণঃ

- ১। পরিচালক/ভারপ্রাপ্ত পরিচালক.....।

সদয় জ্ঞাতার্থেঃ

- ১। চেয়ারম্যান, বাপশক, ঢাকা।
- ২। সদস্য (পরিকল্পনা), বাপশক, ঢাকা।
- ৩। সদস্য (জীব-বিজ্ঞান), বাপশক, ঢাকা।
- ৪। সদস্য (প্রকৌশল), বাপশক, ঢাকা।
- ৫। অর্থ উপদেষ্টা, বাপশক, ঢাকা।
- ৬। সচিব, বাপশক, ঢাকা।
- ৭। মহা-পরিচালক, এইআরই, সাভার, ঢাকা।